R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

ফ্রান্স-এর সহযোগিতায় তৈরী
সারদা বাইরন-এর
হোমিও ঔষধ পাওয়া যায়
কেয়ার এণ্ড কিওর হোমিও
সেণ্টার
গাড়ীঘাট
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
৪৩শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৫ই চৈত্র বুধবার, ১৩৯৫ সাল।
২৯শে মার্চ্চ, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## বিতর্কিত মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্ট কাউন্সিল অফ চাইল্ড ওয়েলফেয়ার সম্পর্কে

বিশেষ প্রতিনিধি : মার্চ মাসের প্রথমেই কাউন্সিল থেকে নাকি প্রার্থীদের জানানো হয় খুব তাড়াতাড়ি ট্রেনিং ক্লাস শুরু হবে ও নিয়োগপত্র দেওয়া হবে। এ ব্যাপারে বেশ কয়েকজন প্রার্থী পিয়ারাপুরে প্রধান কার্য্যালয়ে যোগাযোগ করলে তাঁরা সম্পাদক কনক দাসের দেখা পান না। অফিস থেকে তাঁদের জানানো হয় সম্পাদক ট্রেনিং সেণ্টার চালু করার ব্যাপারে খুবই ব্যস্ত। তাঁদের আরো জানান হয়, গত ১০ মার্চ মহকুমা শাসক ও ২নং ব্লকের বি ডি ও চাইল্ড ওয়েলফেয়ার সংস্থাতে আসেন ও সংস্থার কাজকর্ম দেখে সন্তুষ্ট হন। মহকুমা শাসক নাকি কনক দাসকে আশ্বাস দেন প্রয়োজনে ট্রেনিং সেণ্টারের শান্তি শৃঙ্খলা রক্ষা করতে তিনি চাইলে পুলিশ সাহায্যও পাবেন। আমাদের প্রতিনিধি এ ব্যাপারে মহকুমা শাসকের সঙ্গে সাক্ষাত করলে তিনি সরাসরি বলেন—সোসাইটী এ্যাক্ট অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত কোন সংস্থা যদি স্বেচ্ছাসেবক দিয়ে শিশুশিক্ষা, নারীশিক্ষা বা বয়স্ক শিক্ষা দেবার ব্যবস্থা করেন সেক্ষেত্রে তাঁকে প্রশাসন থেকে বাধা দেবার কোন কথাই উঠে না। বরং ঐ সংস্থার কার্যাবলী পর্যালোচনা করে স্থানীয় প্রশাসন সারটিফাই করলে সেই সংস্থা সরকারী এড পেতেও পারেন। যদিও সে সমস্ত দীর্ঘসূত্রী ব্যাপার। এবং সেই সব ক্ষেত্রে কোন সংস্থাই শিক্ষকদের বেতন দিতে পারেন না বা কোন ক্ষেত্রেই তাঁদের কাছ থেকে টাকা পয়সা নিতে পারেন না। আমাদের প্রতিনিধি কয়েকটি টাকা আদায়ের রসিদের জেরক্স কপি মহকুমা শাসকের হাতে তুলে দেন। রসিদগুলির কোনটিতেই ক্রমিক সংখ্যা বা তারিখ নেই। ফলে (৬ষ্ঠ পৃষ্ঠায়)

## রাজনৈতিক দলাদলিতে রাণীনগর জুনিয়ার হাই স্কুলের নাভিশ্বাস

বিশেষ প্রতিবেদক : রঘুনাথগঞ্জ ১নং ব্লকের প্রায় সবকটি জুনিয়ার ও উচ্চ বিদ্যালয়ের পরিচালন কমিটি ও শিক্ষকরা বাম মনোভাবাপন্ন। সামান্য কিছু বিদ্যালয় কংগ্রেসের দখলে আছে। সেগুলির মধ্যে রাণীনগর জুনিয়ার হাই স্কুল অন্যতম। সম্প্রতি বেশ কয়েক বছর ধরে নিজেদের দখল কায়েম করতে বামদলগুলি চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তারই পরিপ্রেক্ষিতে কংগ্রেস দলের সমর্থক বলে চিহ্নিত প্রধান শিক্ষককে নাজেহাল করার অপচেষ্টা চলছে। এ ব্যাপারে অগ্রণীর ভূমিকা নিয়েছেন ঐ স্কুলের জনৈক শিক্ষক সুবলচন্দ্র হালদার বলে খবর। শ্রীহালদার গত ৩০ জানুয়ারী প্রধান শিক্ষকের সঙ্গে অশালীন আচরণ করেন বলে অধিকাংশ শিক্ষকই আমাদের প্রতিনিধির কাছে মন্তব্য করেন। অন্যদিকে শ্রীহালদারকে শোকজ করা হলে তিনি সম্পাদককে যে উত্তর দেন তাতে জানা যায়, তাঁকে বহুদিন ধরে প্রধান শিক্ষক ভীতি প্রদর্শন করে আসছেন এবং গত ৩১ জানুয়ারী প্রধান শিক্ষক ও জনৈক বিজয়কালী রায় তাঁর উপর শারীরিক নির্য্যাতন করেন। তিনি আরোও জানান, প্রধান শিক্ষক নিয়মিত স্কুলে আসেন না। টিচার এ্যাটেণ্ডেন্ট খাতা সহি করার ব্যবস্থাও করেন না। গত ৩১ জানুয়ারী তিনি টিচার এ্যাটেণ্ডেন্ট খাতা ও ষ্টুডেন্ট এ্যাটেণ্ডেন্ট রেজিষ্টার (৫ম পৃষ্ঠায়)

## ফর্মের অভাবে ষ্টেট ব্যাঙ্কে ড্রাফট ইস্যু বন্ধ

রঘুনাথগঞ্জ : স্থানীয় ব্যবসাদারদের অভিযোগ, ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া, জঙ্গিপুর শাখা দশ হাজার টাকার উপর কোন ড্রাফট কলকাতার ঠিকানায় ইস্যু করছেন না। ফলে ব্যবসাদারদের টাকা পাঠাতে অনেকগুলি ড্রাফট নিয়ে অযথা বেশী কমিশন গুণতে হচ্ছে। তার উপর ডাকে সেগুলি পাঠাতে ডাক মাশুলও বেশী বহন করতে হচ্ছে। অন্যদিকে ঐ ব্যাঙ্কে কর্মী সংখ্যা কমের অজুহাতে শিক্ষকদের বেতন দেবার ক্ষেত্রেও হয়রাণ করা হচ্ছে বলে শিক্ষকদের কাছ থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে। এক সাক্ষাতকারে ব্যাঙ্ক ম্যানেজার জানান—ড্রাফট ইস্যু সিষ্টেম পরিবর্তিত হয়ে কম্পিউটার প্রসেস চালু হচ্ছে যার বর্তমান নাম হচ্ছে এম আই সি আই। এই নয়া সিষ্টেম চালু হয়েছে ভারতের ৪টি মেট্রোপলিটন শহর কলকাতা, দিল্লি (৬ষ্ঠ পৃষ্ঠায়)

## স্বাস্থ্য সহায়িকা প্রহৃতা পুলিশ নিষ্ক্রিয়

নিজস্ব সংবাদদাতা : ১৪ মারচ সন্ধ্যা ছটা নাগাদ সাগরদীঘি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের স্বাস্থ্য সহায়িকা (এইচ এ(এফ) শ্যামলী ভকত সাগরদীঘি চীপ মেডিক্যাল ষ্টোরের প্রাইভেট প্র্যাকটিসনার ডাঃ শিবশঙ্কর মজুমদার কর্তৃক সাগরদীঘি ষ্টেশন সংলগ্ন সড়কে প্রকাশ্যে প্রহৃতা এবং লাঞ্ছিতা হন। স্থানীয় কয়েকজন উঠতি মস্তান এ ব্যাপারে ডাক্তারকে মদত যোগায় বলে অভিযোগ। পুরাতন বিবাদের জের এবং রেষারেষির ফলে ঘটনাটি ঘটে বলে খবরে প্রকাশ। থানায় লিখিত অভিযোগ জানিয়েও কোন ফল হয়নি বলে জানা যায়। প্রহৃতা স্বাস্থ্য সহায়িকা রাজ্য কোঅরডিনেশন কমিটির সদস্যা হওয়ার সুবাদে (৬ষ্ঠ পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

১৫ই চৈত্র বুধবার ১৩৯৫ সাল


## আওয়ল ঋতুরাজ

শীতের তীব্রতা যখন ধীরে ধীরে মন্দীভূত হইয়া আসে, রুক্ষতার অবসান সুচিত হয় প্রকৃতির অঙ্গনে সহকার শাখায় বসিয়া যখন পিকরাজ সুরের পঞ্চমে তোলে নূতন দিনের সুর লহরী—তখনই বুঝিতে বিলম্ব হয় না—আজি বসন্ত জাগ্রত দ্বারে। কিংশুকে পলাশে তাহার রক্তিম আলিম্পন। কবি কণ্ঠেও ধ্বনিত তাহার আগমনী গান—'মধু-মাসে মলয় মারুত মন্দ মন্দ। মালতীর মধুকর পিয়ে মকরন্দ।' দক্ষিণের দুয়ার খুলিয়া যায়—মলয় পর্বত হইতে বাহিত হয় মৃদু মলয়ানিল। ফাল্গুনের আকাশ আর আঙিনা অনুরঞ্জিত হয় বসন্তের বাসন্তী রঙে। রঙে রঙে রঙিন হয় আকাশ, রঙিন হয় ধরণীতল। তারপর আসে ষোলকলা প্রকাশ করিয়া বাসন্তী পূর্ণিমা। আকাশে, বাতাসে মর্ত্ত্যের সর্বত্র মধু মাসের মাধবী রূপের বৈভব। পত্র মর্ম্মরে, অশোকে পলাশে তাহার উচ্ছ্বলিত রূপের পশরা।

বহু যুগের ওপার হইতে এমনি সময়ে আসে গৌরাঙ্গ সুন্দরের পবিত্র আবির্ভাবের পুণ্য লগ্ন। সেই সঙ্গে আসে আবির কুমকুম লইয়া হোলির রঙখেলা উৎসব। বসন্ত তাই উৎসবের ঋতু, আনন্দের ঋতু, রঙের ঋতু। দিকে দিকে তাহার রঙের আলিম্পন, বনে উপবনে তাহার রক্তিম বাহার।

ঋতু চক্রের আবর্তন ঘটে এমনিভাবে বার বার। শীতের রুক্ষ রূপের অবসান ঘটাইয়া আসে প্রতিবার ঋতুরাজ বসন্ত। তাই উত্তরে হাওয়ায় আমলকী বন কাঁপিয়া কাঁপিয়া উঠে। বক্ষদেশ করিতে থাকে দুরু দুরু। তাহার পর প্রকৃতির আঙিনায় আরম্ভ হয় পাতা খসানোর কাজ। বৃদ্ধ ঋতুর জান্যতার অবসান হইয়া আসে। নূতনকে স্থান করিয়া দিয়া যাইবার ব্যবস্থা পড়িয়া যায় দিকে দিকে। কচি কিশলয়ে দেখা যায় সজীব জীবনের শ্যামল সংকেত। সারা নিসর্গ প্রকৃতি বর্ণাঢ্য রঙের বর্ণালীতে হইয়া উঠে অনুরঞ্জিত। জীবনের কোষে কোষে সঞ্চারিত হয় প্রাণের দুর্বার শক্তি। হৃদয়ের পরতে পরতে সঞ্চিত হয় মধুরস। কারণ—আওয়ল ঋতুরাজ। মনে বনে সর্বত্রই তাহার ব্যঞ্জনাময় অভিব্যক্তি।

## সমবায় সমিতির কাজে ব্যাগরা দিলেন প্রাক্তন পরিচালক

জঙ্গিপুর : ২নং ব্লকের লক্ষ্মীজোলা কুলগাছি সমবায় কৃষি উন্নয়ন সমিতিতে গত ৮৭ সালে অ্যাডমিনিষ্ট্রেটার নিযুক্ত হন পদাধিকার বলে পঞ্চায়েত সমিতির তৎকালীন সভাপতি কংগ্রেসের আমজাদ আলি। বিগত পঞ্চায়েত নির্বাচনে ২নং ব্লকের পঞ্চায়েত সমিতি সি পি এমের দখলে চলে যায়। আইনানুগ বর্তমান সভাপতিকে প্রাক্তন সভাপতি অ্যাডমিনি-ষ্ট্রেটারের দায়িত্ব বুঝিয়ে দিতে বাধ্য। কিন্তু শ্রীআলি তা দিতে গড়িমসি করে চলেছেন। এদিকে গত ১০ জানুয়ারী ৭৮নং চিঠিতে জেলা এ আর সি এস আমজাদ আলিকে নতুন কমিটি নির্বাচন করে দায়িত্বভার বুঝিয়ে দেবার নির্দেশ দিলে সে নির্দেশও তিন পালন করছেন না। ফলে সাংবিধানিক সংকট দেখা দিয়েছে। রাজ্যপালের অনুমতি ছাড়া বার্ষিক অধিবেশন সম্ভব হচ্ছে না। সমিতির কাজ কারবার বন্ধ হয়ে রয়েছে। আমজাদ আলি কোন নিয়ম কানুনের তোয়াক্কা না করে ক্ষমতাসীন হয়ে বসে রয়েছেন বলে সি পি এম দল থেকে অভিযোগ করা হয়।

## ঋণ আদায় শিবিরে এক লক্ষ টাকা আদায়

জঙ্গিপুর : গত ১০ মার্চ সম্মতিনগর জৈন মন্দিরে গৌড় গ্রামীণ ব্যাঙ্কের ঋণ আদায় শিবির অনুষ্ঠিত হয়। প্রায় ৩০০ ঋণ গ্রহীতার কাছ থেকে ১ লক্ষ টাকা বকেয়া ঋণ আদায় করা সম্ভব হয়। অনুষ্ঠানটির উদ্বোধন করেন মহকুমা শাসক আর এন শুক্লা। সভাপতির ভাষণে শ্রীশুক্লা পঞ্চায়েত প্রতিনিধি ও গ্রামীণ ব্যাঙ্কের কর্মীদের কর্মপ্রচেষ্টার ভূয়সী প্রশংসা করেন। অন্যান্য বক্তাদের মধ্যে ছিলেন ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি, বি ডি ও এবং সংশ্লিষ্ট ব্যাঙ্কের প্রতিনিধি। ব্যাঙ্কের পক্ষ থেকে সকলকে ধন্যবাদ জানান ব্যাঙ্ক কর্মী কুণালকান্তি দে।

## আদর্শ শাখাব্যাঙ্ক হিসাবে চিহ্নিত হলো

জঙ্গিপুর : ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার জোতকমল শাখা সমগ্র মুর্শিদাবাদ ও মালদহ জেলার মধ্যে আদর্শ শাখা হিসাবে চিহ্নিত হলো। শাখাটির সার্বিক কাজের মূল্যায়ন করে ব্যাঙ্ক কর্তৃপক্ষ এই শাখাটিকে মডেল শাখা হিসাবে নির্বাচিত করেন।

## নতুন সম্পাদক নির্বাচিত

রঘুনাথগঞ্জ : স্থানীয় উচ্চ বিদ্যালয় পরিচালন কমিটির সম্পাদক শরদিন্দুভূষণ পাণ্ডের মৃত্যুতে নতুন ভাবে সম্পাদক নির্বাচনের প্রয়োজন হয়। তারই পরিপ্রেক্ষিতে গত ২৫ মার্চ আহূত পরিচালন কমিটির সভায় সর্বসম্মতিক্রমে স্থানীয় প্রবীণ আইনজীবী গৌরীশঙ্কর দাস সম্পাদক নির্বাচিত হন।

## সভাপতির ডাকা সভায় এক্সটেনশন অফিসাররা অনুপস্থিত !

জঙ্গিপুর : গত ১৩ মার্চ রঘুনাথগঞ্জ ২নং ব্লকের সভাপতি এক্সটেনশন অফিসারদের এক সভা ডাকলেও সেই সভায় কোন এক্সটেনশন অফিসার উপস্থিত হননি। ২নং ব্লকের বি ডি ও এই অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য তাঁদের উপর শোকজ নোটীশ জারী করেছেন বলে খবর। এক্সটেনশন অফিসার-দের জনৈক মুখপাত্র অভিযোগ করেন, এভাবে সভা ডাকার এক্তিয়ার সভাপতির আছে বলে তাঁরা মনে করেন না এবং সে কারণে তাঁর নির্দেশে বি ডি ও শোকজ নোটিশ দেওয়ায় তাঁরা ক্ষুব্ধ। ব্যাপারটি উর্ধতন কর্তৃপক্ষের নজরে আনা হয়েছে বলেও তাঁরা জানান।

## বস্ত্র ব্যবসায়ীর বাড়ী থেকে বিশ হাজার টাকার কাপড় চুরি

ধুলিয়ান : গত ১৫ মার্চ রাতে স্থানীয় প্রসিদ্ধ বস্ত্র ব্যবসায়ী মোহনলাল জৈনের বাড়ীতে এক দুঃসাহসিক চুরি হয়। তিনতলা বাড়ীর পিছন দিক দিয়ে দুর্বৃত্তরা বাড়ীতে ঢুকে তালা ভেঙ্গে প্রায় বিশ হাজার টাকা মূল্যের কাপড় চুরি করে ও সিন্দুক ভেঙ্গে নগদ ৫৭১ টাকা নিয়ে গা ঢাকা দেয়। পুলিশী তৎপরতায় পরদিন দু'জন দুর্বৃত্ত ধরা পড়ে এবং খোয়া যাওয়া সব জিনিস উদ্ধার হয়।

## পুরসভার নিয়োগের বিরুদ্ধে ট্রেড ইউনিয়ন কনভেনশন

ধুলিয়ান : গত ৮ মার্চ স্থানীয় পুরকর্মীদের এক অংশের নেতৃত্বে ট্রেড ইউনিয়ন কনভেন-শন অনুষ্ঠিত হয়। এই কনভেনশনে সিটু বাদে অন্য সব ট্রেড ইউনিয়ন সংস্থা যোগ দেন। সম্মেলনে সি পি এম পরিচালিত পুরসভা সব নিয়োগনীতি উপেক্ষা করে এবং কর্ম বিনিয়োগ কেন্দ্রকে অগ্রাহ্য করে নিজেদের ক্যাডারদের বিভিন্ন পদে নিয়োগ করায় প্রতি-বাদ জানানো হয়। সভা সিদ্ধান্ত নেন যদি পুরসভা এ ধরনের কাজকর্ম অচিরে বন্ধ না করেন তবে যুক্ত ট্রেড ইউনিয়ন কমিটি বৃহত্তর আন্দোলনের পথে যেতে বাধ্য হবেন। কমিটির আহ্বায়ক ষষ্ঠীচরণ ঘোষ সভা শেষে পুরপতির হাতে একটি স্মারকলিপি তুলে দেন।

## গৌড় গ্রামীণ ব্যাঙ্ক অনুদান বিলির শীর্ষে

জঙ্গিপুর : বহরমপুর থেকে প্রকাশিত সরকারী পরিসংখ্যানে গৌড় গ্রামীণ ব্যাঙ্ককে আই আর ডি প্রকল্পে অনুদান বিলির ক্ষেত্রে প্রশংসনীয় কাজের জন্য শীর্ষ স্থানে দেখান হয়েছে। তথ্যে জানা যায় ১৯৮৮ সালে ৩৫৯০ জন গ্রহীতাকে ৫৪ লক্ষ ৪৫ হাজার টাকা বিলি করে গৌড় গ্রামীণ ব্যাঙ্ক জেলায় প্রথম স্থান অর্জন করেন। দ্বিতীয় হয়েছেন এস বি আই। তাঁরা ৩২৯১ জন গ্রহীতাকে ৫৪ লক্ষ ৩৯ হাজার টাকা দিয়েছেন। ইউ বি আই জেলায় লিড ব্যাঙ্ক হিসাবে তৃতীয় স্থান পেয়েছেন।

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)
PIN : 742236

Sealed tenders are invited from experienced and registered contractor of NTPC/CPWD/Railways/WBSEB and Public Sector Undertakings for the following works. Tender documents can be had in person showing the registration and credentials from the office of the undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should send Rs. 20-00 (Rupees twenty only) extra for each work either by I. P. O. payable at Post Office, Khejuriaghat or Demand Draft in favour of National Thermal Power Corporation Ltd., payable on State Bank of India at Farakka alongwith a copy of proof of registration and credentials.

The documents will be on sale from 1. 4. 89 to 20. 4. 89 between 9-00 to 12-00 hours and 14-30 hours to 16-00 hours on all working days. Tender will be received upto 3-00 p. m. of the tender opening date and will be opened as indicated below in presence of the attending tenderers or their authorised representatives

| Sl. No. | Name of work | Approx value of work | Amt. of EMD cost of tender paper | Completion period | Date & time of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Annual maintenance work of building, water supply, drainage works at permanent township, khejuriaghat of FSTPP. NIT no. FS : 42 : CS : 1589/T-23/89 | 6.5 lakhs | Rs. 13,000/- Rs. 50/- | 12 months | 21-4-89 at 3,00 p. m. |
| 2. | Internal electrification of 'D' type Qtr. at permanent township, khejuriaghat of FSTPP. NIT no. FS : 43 : CS : 3020/T-24/89 | 10 lakhs | Rs. 20,000/- Rs. 50/- | 15 months | 21-4-89 at 3 30 p. m. |
| 3. | Repair of approach road in CISF complex near ty township of FSTPP. NIT no. FS : 42 : CS : 1805/T-25/89 | 0-8 lakhs | Rs. 1600/- Rs. 25/- | 9 months | 21-4-89 at 4,00 p. m. |

### Terms & Conditions :

1. Proof of registration, latest IT, ST & professional Tax clearance cartificates and other credentials are to be shown at the time of obtaining tender froms and should be submitted alongwith the tender.
2. Interested parties are advised to visit site to familiarise with the site conditions.
3. Tenders received late and/or without earnest money will not be entertained Adjustment of earnest money against running bill is not acceptable and earnest money to be submitted in any of the acceptable form as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC, are not exempted from depositing EMD. The tenders must be accompanied by requisite earnest money in prescribed form, earnest money of Rs..............enclosed should clearly be written on the top of envelope containing tender paper, failing which the tender(s) May not be opened and will be returned to the tenderer(s).

(Contd. 4 Page)

( from 4th page )

4. NTPC takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post.
5. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer reserves the right to cancel any or all the offers without assigning any reason.
6. For item no. 2. contractors must have valid electrical contractor's licence and have exe cuted similar nature of single value work not less than 6 lakhs.

**Deputy Manager (Contracts)**
F.S.T.P.P./N.T.P.C.

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা নাইত বৈদড়া গ্রামের জনসাধারণকে জানানো যাইতেছে যে জেলা মুর্শিদাবাদ, থানা রঘুনাথগঞ্জের অন্তর্গত নাইত বৈদড়া মৌজায় ১০৩৫, ৮৬৮, ১২০৭, ১২০৪, ১২০৫, ২৬৪নং খতিয়ানভুক্ত ৮৪১নং দাগের ৮৩ শতক এবং ১২০৪, ১২০৫, ১২০৭, ২৬৪ নং খতিয়ানভুক্ত ২৪৮নং দাগের ১৪১ শতক একুনে ২২৫ শতক সম্পত্তি গত Revisional Settlement Record of rights এর ২৩নং কলমে জনসাধারণ ব্যবহার্যরূপে রেকর্ড লিপিবদ্ধ হইয়াছে। তৎকারণে উপরোক্ত দাগ সম্পত্তি লইয়া জেলা মুর্শিদাবাদ থানা রঘুনাথগঞ্জের অধীন নাইত গ্রামের ১। ভূলি দাসী স্বামী মৃত পূর্ণচন্দ্র মাঝি, ২। তেমু দাসী স্বামী মৃত কুশধ্বজ মাঝি, ৩। সুবোল মাঝি পিতা মৃত কুশধ্বজ মাঝি বাদী শ্রেণীভুক্ত হইয়া নিম্নলিখিত ব্যক্তিগণকে অর্থাৎ থানা রঘুনাথগঞ্জের অন্তর্গত বৈদড়া সাকিমের মৃত উমেশচন্দ্র চক্রবর্তীর পুত্র কমলাপতি চক্রবর্তী, মৃত পশুপতি চক্রবর্তীর পুত্র ভুবনেশ্বর চক্রবর্তী ও বিশ্বেশ্বর চক্রবর্তী এবং মহম্মদ ফকির মণ্ডল, নাইত গ্রামের কৃষ্ণচন্দ্র মুখার্জী রমাপতি মণ্ডলের পুত্র সুদেব, মৃত হাবিল সেখের পুত্র শাহজাহান সেখ, বাড়ালা গ্রামের হাবল সরকারের পুত্র পরেশ সরকার, বাইন্ধ্যা গ্রামের মৃত সুধীর মাঝির পুত্র সত্যবান মাঝি এবং জেলা বীরভূম থানা মুরারই এর অন্তর্গত মৃত দুর্গাদাস মুখার্জীর স্ত্রী টুলু মুখার্জীকে মাতব্বর স্বরূপে বিবাদী শ্রেণীভুক্ত করতঃ জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালতে ১৯৮৫ সালের ২৭নং স্বত্ব মোকর্দ্দমা আনয়ন করিয়াছেন। উক্ত মোকর্দ্দমায় পশ্চিমবঙ্গ সরকার বিবাদী শ্রেণীভুক্ত আছেন। উক্ত ২৭/৮৫নং স্বত্ব মোকর্দ্দমার দিন আগামী ৮-৬-৮৯ তারিখে ধার্য্য আছে। উক্ত মোকর্দ্দমায় নাইত বৈদড়া গ্রামের জনসাধারণ পক্ষে যে কোন ব্যক্তি বাদী বা বিবাদী শ্রেণীভুক্ত হইয়া মোকর্দ্দমা পরিচালনা করিতে পারিবেন।

By Order
Serestadar, Jangipur
1st Court of Munsif

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সুতী থানা অধীন জগতাই গ্রামের দক্ষিণপাড়ার মুসলমান জনসাধারণগণকে জ্ঞাত করানো যাইতেছে যে নিম্ন পরিচিত সম্পত্তি লইয়া উক্ত সাকিমের সাবিরুদ্দিন সেখ নামীয় ব্যক্তি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালতে ১৮৪/৮৭নং পার্টিশন মোকর্দ্দমা আনয়ন করিয়াছেন। উক্ত সম্পত্তি সম্পর্কে স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণ যাহারা উক্ত মোকর্দ্দমায় বাদী বা বিবাদীর শ্রেণীভুক্ত হইতে ইচ্ছুক তাহারা শ্রেণীভুক্ত হইতে পারেন।

তফশীল চৌহদ্দি :

জিলা মুর্শিদাবাদ, থানা সুতী, মৌজা দফাহাট মধ্যে খং নং ১৬৬, দাগ নং ১১৯১, পরিমাণ ১-২২ শতক।

By Order
Serestadar, Jangipur
1st Court of Munsif
21-3-89

ফ্রি সেলে নন লেভি এ সি সি এস এণ্ড টি সমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬

## জাল টাকা ধরা পড়লো

জঙ্গিপুর : সম্প্রতি স্থানীয় গৌড় গ্রামীণ ব্যাঙ্কে জনৈক আমানতকারীর কাছ থেকে আই আর পি ৯৮৩৫৬০ ক্রমিক নম্বর যুক্ত একটি ১০০ টাকার নোট ধরা পড়ে। নোটটি জাল প্রতিপন্ন হওয়ায় সেটি পুড়িয়ে দেওয়া হয়। ব্যাঙ্কের সন্দেহ বাজারে কোন চক্র জাল নোট নিরীহ গ্রামবাসীদের মধ্যে ছড়িয়ে দিচ্ছেন। সীমান্ত সংলগ্ন এই অঞ্চলটিতে বিভিন্ন সমাজবিরোধী কার্যকলাপ বেড়ে চলেছে। তার সঙ্গে এবার জাল নোটের কারবারও যুক্ত হলো। স্থানীয় পুলিশ প্রশাসন সজাগ কি না বোঝা যাচ্ছে না।

## বিজ্ঞপ্তি

### বিবেকানন্দ বিদ্যানিকেতন
( ইংরাজী মাধ্যম বিদ্যালয় )
( স্থাপিত—১৯৭৭ )

১৯৮৯-৯০ শিক্ষাবর্ষে নার্শারী ও প্রিপারেটরী ক্লাসে ভর্তির জন্য ফর্ম দেওয়া হচ্ছে। তিন হতে ছয় বৎসরের শিশুদের ভর্তি করা হয়। কেজি, ষ্ট্যাণ্ডার্ড ওয়ান হতে ষ্ট্যাণ্ডার্ড ফোরে ভর্তি হতে হলে এ্যাডমিশন টেষ্ট দিতে হয়। সত্বর যোগাযোগ করুন। আসন সংখ্যা সীমিত। এপ্রিল মাস হতে ভর্তি শুরু হবে। যোগাযোগের ঠিকানা : ১। রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্ক ফ্রিঃ প্রাঃ স্কুল, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ। ২। জোতকমল জুনিয়ার হাই স্কুল, গ্রাম জোতকমল, পোঃ জঙ্গিপুর।
সময় সকাল ৭টা হতে ৯টা। মে মাস হতে সেসন শুরু হবে।

ভারপ্রাপ্ত শিক্ষক

VIMAL এলো নব-বর্ষে
শহর রাঙিয়ে

আগামী ১লা বৈশাখ ১৩৯৬ ( ইং ১৪ এপ্রিল '৮৯ ) এর শুভ লগ্নে 'মহাবীর বস্ত্রালয়ে' VIMAL এর অনুমোদিত ডিলারশিপের শুভ উদ্বোধন। ঐ দিন বিক্রীত VIMAL শার্টিং স্যুটিং এ ২% রিবেট ও বিশেষ উপহার দেওয়া হবে।

আসুন দেখুন কিনুন

সুযোগ হারাবেন না

মহাবীর বস্ত্রালয়
VIMAL এর অনুমোদিত ডিলার
রঘুনাথগঞ্জ ( ফুলতলা ) মুর্শিদাবাদ
ফোন নং ১০৭

## হাজীর ইন্তেকাল

সাগরদীঘি : হড়হড়ির স্বনামধন্য শিক্ষাব্রতী আলহাজ মির্জা মহম্মদ রফিউদ্দিন সাহেব গত ১৮ মার্চ নিজের বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর। তিনি নওয়াবিয়া নিজামিয়া মাদ্রাসার প্রাক্তন সম্পাদক ছিলেন এবং অনেক জনহিতকর প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ছিলেন।

## বিপ্লবী সমাজতন্ত্রী দলের সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপিত

রঘুনাথগঞ্জ : গত ১৯ মার্চ বিপ্লবী সমাজতন্ত্রী দলের প্রতিষ্ঠা দিবসের ৫০ বছর পূর্তি সারাদেশের সঙ্গে এখানেও উদ্‌যাপিত হয়। এই উপলক্ষে স্থানীয় আর এস পি অফিসে সকাল ৮টায় দলের পতাকা উত্তোলন করেন থানা কমিটির সম্পাদক আবদুল হক। বেলা একটায় আবদুল হকের সভাপতিত্বে দলীয় সদস্য ও সমর্থকদের এক ঘরোয়া সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন বক্তা ১৯৪০ সালে রামগড়ে এই দলের প্রতিষ্ঠার ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করেন। সভায় দলকে সমাজতন্ত্র প্রতিষ্ঠার সঠিক পথে পরিচালনা করার শপথ গ্রহণ করা হয়। সভা শেষে এক মিছিল শহর পরিক্রমা করে।


## হোটেল মালিক গ্রেপ্তার

সাগরদীঘি : গত ২৮ মার্চ মোড়গ্রাম পেট্রোল পাম্পের কাছে রাম সিং এর হোটেল থেকে পুলিশ ৩৭ বোতল দেশী মদ ও ১৬ বোতল বিয়ার আটক করে। সরকারী অনুমোদন ছাড়া এ গুলো বিক্রি করা হচ্ছিল বলে পুলিশ জানায়। পুলিশ এ ব্যাপারে হোটেল মালিকের ছেলে তেজ সিং কে গ্রেপ্তার করে।

## হাই স্কুলের নাভিশ্বাস

(১ম পাতার পর)

স্কুলে আসেননি। কিন্তু আমাদের প্রতিনিধি অনুসন্ধান করতে গিয়ে জানতে পারেন শ্রীহালদার ঐ দিন স্কুলে অনুপস্থিত ছিলেন ও গত ৩ ফেব্রুয়ারী ওই অনুপস্থিতির জন্য ক্যাজুয়াল লিভের দরখাস্ত করেন যা সম্পাদক কর্তৃক ৭ ফেব্রুয়ারী মঞ্জুর হয়। ৩০ জানুয়ারী ঘটনার অনুসন্ধানে মহকুমা শাসক ১নং ব্লকের বি ডি ওকে পাঠালে তিনি সমস্ত ঘটনা অনুসন্ধান করে সুবলবাবুকেই নাকি দোষী সাব্যস্ত করেন। আমাদের প্রতিনিধি আরোও জানতে পারেন সুবল হালদার প্রায়ই স্কুলের খাতায় সহি করে বিনা অনুমতিতে স্কুল ত্যাগ করেন। গত ১২ ডিসেম্বর ১৯৮৬ তিনি স্কুলের খাতায় সহি করেন এবং যথারীতি বিনা অনুমতিতে স্কুল ত্যাগ করেন। এই ঘটনায় তাঁকে কৈফিয়ৎ চাওয়া হলে তিনি স্কুলে ছিলেন বলে জানান। কিন্তু জানা যায় সেদিন শ্রীহালদার জঙ্গিপুর সাবরেজিষ্ট্রী অফিসে ১১১০২নং দলিলে সাক্ষ্য হিসাবে উপস্থিত ছিলেন। তাঁর সম্বন্ধে আরো জানা যায়, তিনি ১৯৮৮ সালের ২ এবং ৪ জুলাই স্কুলের হাজিরা খাতায় সহি করেও অনুপস্থিত থাকেন এবং সে কারণে তাঁকে শোকজ করা হয়। তিনি যে নিজের খেয়াল খুশিমত কাজ করেন তার একটি বড় নিদর্শন হলো ১৯৮৬ সালে ষষ্ঠ শ্রেণীর বার্ষিক পরীক্ষায় অঙ্কের খাতায় অবৈধভাবে নম্বর দান। যা পরবর্তীতে ধরা ও পরে তিনি দোষী সাব্যস্ত হন। নম্বরগুলির মধ্যে দেখা যায় ছাত্র পঞ্চানন চৌধুরীর খাতার প্রাপ্ত নম্বরের যোগফল মাত্র ১৭ কিন্তু তিনি নম্বর তালিকায় ৭১ দেখান। এইরূপ ১৯ জন ছাত্রের খাতাতেই অবৈধ নম্বর দেওয়ার প্রমাণ পাওয়া যায় বলে শিক্ষক মহল অভিযোগ করেন। তাঁর সম্বন্ধে আরো একটি মারাত্মক অনৈতিক কাজের প্রমাণ স্বরূপ যে অভিযোগ পাওয়া যায় সেটি হচ্ছে তাঁকে গত ১৬ নভেম্বর উক্ত স্কুলের নামীয় বিডি/৭৬ ০৭৮৯৪০ নম্বর ১৩৮৫-৭০ টাকার একটি চেক ভাঙ্গাতে দেওয়া হয়। উক্ত চেকের টাকা কর্তৃপক্ষ তাঁকে নোটিশ করার পর ১৩ ডিসেম্বর অর্থাৎ প্রায় এক মাস পর কর্তৃপক্ষের কাছে তিনি জমা দেন। ৮৬ সাল থেকে বর্তমান বছর পর্যন্ত তাঁর নানা অত্যাচারে জর্জরিত হয়ে প্রধান শিক্ষক তাঁর সম্বন্ধে উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে ব্যবস্থা অবলম্বনের জন্য লিখতে বাধ্য হন। সে কারণেই প্রধান শিক্ষকের সঙ্গে তাঁর গণ্ডগোল বাধে বলে স্থানীয় অভিভাবকরা আমাদের প্রতিনিধিকে জানান। তাঁরা আরো জানান, স্বার্থ সংশ্লিষ্ট কিছু দলীয় মানুষ শ্রীহালদারকে প্রধান শিক্ষকের বিরুদ্ধে দাবার ঘুঁটি হিসাবে ব্যবহার করছেন।

## জঙ্গিপুর কলেজে এস এফ আই জয়ী

জঙ্গিপুর : গত ১৯ মার্চ জঙ্গিপুর কলেজ ছাত্র সংসদের নির্বাচনে এস এফ আই জয়ী বলে ঘোষিত হয়। বিপুল উদ্দীপনার মধ্যে শান্তিপূর্ণভাবে ভোটপর্ব শেষ হয়। মোট ৯৫টি আসনে ছাত্রপরিষদ ৪১টি এবং এস এফ আই ৫৪টি লাভ করে।

## ওয়েলফেয়ার সম্পর্কে

(১ম পাতার পর)

সেগুলি সংস্থার হিসাবে দেখানো হয়েছে কিনা সন্দেহ জাগে। মহকুমা শাসক আমাদের প্রতিনিধির কাছে সমস্ত ঘটনা তদন্ত করা হবে বলে প্রতিশ্রুতি দেন। স্থানীয় জনগণের দাবী এ সম্বন্ধে আর দেরী করা মোটেই উচিত নয়। যত তাড়াতাড়ি সম্ভব বেকারত্বের সুযোগ নিয়ে তাদের প্রতারণা করা হচ্ছে কিনা দেখা দরকার। তদন্তে দেরী হলে বহু মানুষের ক্ষতিগ্রস্ত হবার আশংকা রয়েছে। এদিকে কনক দাসও বসে নেই। তাঁর সই করা চিঠি ৬০০ জন প্রার্থীর কাছে এসে পৌঁছায় ২৬০ টাকা করে দিয়ে পিয়ারাপুর ট্রেনিং সেন্টারে ট্রেনিং নেওয়ার জন্য। প্রথম দফার ট্রেনিং শুরু হয় ২০ মার্চ এবং শেষ হয় ২৫ মার্চ। খবরে প্রকাশ, ট্রেনিং সেন্টারের চেহারা দেখে মেয়েরা বেশ ঘাবড়িয়ে যান। ছাদ খোলা ঘরে ত্রিপল টাঙ্গিয়ে এবং গরাদ বিহীন জানলা চট দিয়ে ঢেকে মেয়েদের থাকার ব্যবস্থা হয়েছে। অবশ্য ইচ্ছা করলে যে কেউ বাড়ী থেকে যাতায়াত করতে পারেন। কিন্তু রাত্রি নটা দশটা পর্যন্ত ট্রেনিং চলায় সেটা সম্ভব নয়। যে কোন ক্ষেত্রেই কিন্তু ২৬০ টাকা ফিজ দিতে হবে। সেসন চার্জ ও ভর্তি ফি ১২০ টাকা এবং ৬ দিনের টিফিন ইত্যাদি খরচ ১৪০ টাকা। এই মোট ২৬০ টাকা। মেদিনীপুর যুব ট্রেনিং সেন্টারের অধ্যক্ষ সুবলচন্দ্র মাইতিসহ ১ জন পুরুষ ও ১ জন মহিলা ট্রেনিং দেবার জন্য সেন্টারে এসেছেন বলে জানা যায়। অবশ্য তাঁদের সে অথরিটি আছে কিনা জানা যায়নি। ট্রেনিং সেন্টারের হালচাল দেখে অনেক অভিভাবকই তাঁদের মেয়েদের ওখানে পাঠাতে সাহস করছেন না। তবু এই বেকারত্বের যুগে আশার কুহকে ভুলে ১৮৪ জন মত ট্রেনিং নিয়েছেন বলে জানা যায়। প্রথম দফায় সামসেরগঞ্জ, সুতী, ভরতপুর, সালার প্রভৃতি এলাকার বেশকিছু মহিলা সম্পূর্ণ টাকা জমা দিয়ে ট্রেনিং নেন। ট্রেনিং শেষ হলেও তাঁদের কোন সার্টিফিকেট দেওয়া হয়নি। বলা হয়—ডাকের গোলমালে সারটিফিকেট দিল্লী থেকে এখনও এসে পৌঁছায়নি। এলে তাদের পাঠিয়ে দেওয়া হবে। কোন কোন অভিভাবক সংস্থার সম্পাদক কনক দাসকে প্রশ্ন করেন—আপনাকে ট্রেনিং চালু করার অধিকার কে দিয়েছেন? যদি কোন আদেশ থাকে তাহলে আমাদের দেখান। সে ব্যাপারে কনকবাবু এলোমেলো জবাব দেন। কখনও বলেন তিনি আদেশ মুখে মুখে নিয়ে এসেছেন, পরে লিখিত আদেশ এসে যাবে। কখনও বলেন এই বিশাল ব্যাপারে ট্রেনিং-এ অনেক সময় লেগে যাবে তাই তিনি আদেশের জন্য বসে না থেকে ট্রেনিং শুরু করেছেন। তাঁর কথাবার্তার মধ্যেই বিভ্রান্তি রয়েছে এবং সমগ্র পরিকল্পনাটি সন্দেহজনক বলে মনে হচ্ছে।

## স্বাস্থ্য সহায়িকা প্রহৃতা

(১ম পাতার পর)

জঙ্গিপুর মহকুমা কমিটির ১৫ মারচের সমিতির সভায় আন্দোলনের প্রস্তাব গৃহীত হওয়া সত্ত্বেও সি পি এম এর সাগরদীঘি কমিটির হুমকীর জন্য কো-অরডিনেশন কমিটির সাগরদীঘি শাখা আন্দোলনে নামতে পারেননি বলে জানা গেছে। কমিটির জেলা শাখা এর জন্য ক্ষোভ প্রকাশ করেছেন বলে প্রকাশ। ঘটনাটি জেলা শাসক, অতিরিক্ত পুলিশ সুপার এবং নারী অধিকার রক্ষা সমিতিকে জানানো হয়েছে। এ খবর লেখা পর্যন্ত পুলিশের পক্ষ থেকে মামলা রুজু করা হয়নি বলে জানা গেছে। ঘটনাটি বামফ্রন্টের রাজত্বে আইন-শৃঙ্খলার অবনতির একটি দৃষ্টান্ত বলে ওয়াকিবহাল মহলের ধারণা।

## একই দিনে দুটি ট্রাকের সঙ্গে বাসের সংঘর্ষ


ধুলিয়ান : গত ২৪ মার্চ কান্দী-ফরাক্কা রুটের ইন্দ্রাণী বাসটি (W G Q 1192) দ্রুতবেগে ওভারটেক করতে গিয়ে ডাকবাংলো মোড়ের সামনে একটি চলন্ত ট্রাককে (W B X 1[illegible]22) পিছন থেকে ধাক্কা মারে। খবর, ট্রাকটি নেপাল যাচ্ছিল এবং ওতে আধুনিক বৈজ্ঞানিক সরঞ্জাম ছিল। ক্ষতির পরিমাণ জানা যায়নি। বাসটি প্রথমে ট্রাকটিকে ধাক্কা মেরে ব্যালেন্স হারিয়ে সামনে এগিয়ে আসা আরও একটি ট্রাককে (WBQ 1544) ধাক্কা মারে। বাসের যাত্রী ১৮ জন ছাত্রছাত্রীকে আহত অবস্থায় অনুপনগর হাসপাতালে ভর্তি করা হয়। বাকী ৩০/৩৫ জন যাত্রা অল্পবিস্তর আঘাত পান বলে খবর। তারমধ্যে কনডাকটারের আঘাত নাকি গুরুতর। ড্রাইভার পলাতক।


## ড্রাফট ইস্যু বন্ধ

(১ম পাতার পর)

মাদ্রাজ ও বোম্বেতে। এর জন্য নতুন ড্রাফট ফর্মও নির্দিষ্ট হয়েছে। দশ হাজার টাকার উপর ড্রাফট ইস্যু করতে হলেই এম আই সি আই সিষ্টেমে করতে হবে। কিন্তু বহুবার টেলিগ্রাম রিমাইণ্ডার দিয়েও নাসিক থেকে ওই ফর্ম আজও এসে না পৌঁছানোয় এই অসুবিধা হচ্ছে।

শেষ খবর : নাসিক থেকে এম আই সি আই ফরম এসে পৌঁছানয় দশ হাজার টাকার উপর ড্রাফট করতে আর কোন বাধা নেই বলে ব্যাঙ্ক সূত্রে জানা যায়।

কিনুন
আপনার সব সময়ের সব চাইতে পছন্দের

অলউইন ঘড়ি
সিকো
লাইসেন্সে প্রস্তুত
দম দেওয়া ● স্বয়ংক্রিয় ● কোয়ার্টজ
iaa 3499 A
অনুমোদিত ষ্টকিষ্ট :
সাহা ওয়াচ কোম্পানী
ফুলতলা মোড়
রঘুনাথগঞ্জ : মুর্শিদাবাদ

পশ্চিমবঙ্গের সিমেন্ট একটি যাতে আছে স্টীলের শক্তি

দুর্গাপুর সিমেন্ট
একটি বিড়লা প্রতিষ্ঠান
ফ্যাক্টরী : দুর্গাপুর-৭১৩২০৩ (পশ্চিমবঙ্গ)
কলকাতা অফিস : বিড়লা বিল্ডিং, ৯/১ আর এন মুখার্জী রোড, কলকাতা-৭০০ ০০১
DPS/DC 885

সুযোগ নিন। এখন থেকে ঘরে বসেই আপনার দেয় করের ( Tax ) রিটার্ণ, আইনানুগ হিসাব (Accounts) সংরক্ষণ এমন কি অডিট করিয়ে নিন।
যোগাযোগ—
শঙ্খনাথ চ্যাটার্জী
প্রযত্নে বিশ্বপাত চ্যাটার্জী
পাকুড়তলা ॥ রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে
অন্তরম্ পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত